

আন্তর্জাতিক

হরমুজে উদ্বোধনের মধ্যেও কমেছে অপরিশোধিত তেলের দাম



প্রতিবেদক: alamin dhakaprobe

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০৬ অক্টোবর ২০২৬, ০৯:০৬ AM



মধ্যপ্রাচ্য থেকে তেল সরবরাহ স্বাভাবিক থাকায় এবং জি৭ জোটের কৌশলগত মজুত থেকে জরুরি তেল ছাড়ার ঘোষণায় আন্তর্জাতিক বাজারে উদ্বোধন কিছুটা কমেছে। এর প্রভাবে অপরিশোধিত তেলের দাম সামান্য কমেছে।

তবে সৌদি আরবের অবকাঠামো লক্ষ্য করে হুথিদের ধারাবাহিক হামলায় উপসাগরীয় অঞ্চলে তেল পরিবহন নিয়ে এখনো সতর্ক রয়েছেন ব্যবসায়ীরা।

কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল-জাজিরার এক প্রতিবেদনে এসব তথ্য জানানো হয়েছে।

মঙ্গলবার (৬ অক্টোবর) গ্রিনিচ মান সময় রাত ১২টা ৩ মিনিটে ব্রেন্ট ক্রুডের দাম ৪ সেন্ট কমে ব্যারেলপ্রতি ১০০ ডলার ২৮ সেন্টে দাঁড়ায়।

একই সময়ে যুক্তরাষ্ট্রের ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই) অপরিশোধিত তেলের দাম ১১ সেন্ট বা শূন্য দশমিক ১ শতাংশ কমে ব্যারেলপ্রতি ৮৯ ডলার ৩৩ সেন্টে নেমে আসে।

সোমবার প্রকাশিত সামুদ্রিক পরিবহনসংক্রান্ত তথ্যেও মধ্যপ্রাচ্য থেকে তেল সরবরাহ পরিস্থিতি স্থিতিশীল থাকার ইঙ্গিত পাওয়া গেছে।

তথ্য অনুযায়ী, গত মাসের শেষ দিকে চার দিন মধ্যপ্রাচ্য থেকে তেল পরিবহনের পরিমাণ সংঘাত শুরুর আগের সময়ের তুলনায় বেশি ছিল।

এতে ধারণা করা হচ্ছে, নিরাপত্তা পরিস্থিতির কারণে বাণিজ্যিক জাহাজ চলাচলে কিছুটা বিঘ্ন ঘটলেও মধ্যপ্রাচ্যের জ্বালানি পরিবহনের প্রধান পথগুলো এখনো মোটামুটি সচল রয়েছে।

তবে হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল নিয়ে নিরাপত্তা উদ্বেগ রয়ে গেছে। ফলে তেলের বাজারে অনিশ্চয়তা এখনো পুরোপুরি কাটেনি।

এ বিভাগের আরও খবর



আরও তীব্র হচ্ছে ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ, চাপে সরকার
ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ তীব্র আকার ধারণ করেছে। আজ মঙ্গলবার দেশটির বিভিন্ন শহরে বিক্ষোভ মিছিল করেছেন শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকেরা।...



পদার্থে নোবেল পেলেন ফ্রান্সিস হেলজেন
চলতি বছর পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার পেয়েছেন বেলজিয়ামের পদার্থবিজ্ঞানী ফ্রান্সিস হেলজেন। সুইডেনের স্টকহোমে রয়্যাল সুইডিশ একাডেমি অব সায়েন্সে...



কসো নদীতে নৌকা ডুবে ২২ জনের মৃত্যু

গণতান্ত্রিক প্রজাতন্ত্র কসো নদীতে দুটি নৌকার সংঘর্ষের পর একটি যাত্রীবাহী নৌকা ডুবে অন্তত ২২ জনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আরও বহু যাত্রী...



অবশেষে সক্রিয় মক্কা চুক্তি: সৌদিতে সেনা পাঠাচ্ছে পাকিস্তান, তুরক

ইরান-সমর্থিত ইয়েমেনি সশস্ত্র গোষ্ঠী হুথিদের সঙ্গে সৌদি আরবের সংঘাতের মধ্যে সক্রিয় হলো ত্রিপাক্ষিক মক্কা প্রতিরক্ষা জোট। গতকাল সোমবার সৌদি আরব...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/hrmuje-udbeger-mdhjeo-kmechhe-oprishodhit-teler-dam>